সমাজসেবা অধিদফতর

সমাজকর্মী (ইউনিয়ন) নিয়োগ পরীক্ষা- ২০২২

# পরীক্ষার্থীদের জন্য নির্দেশিকা

(ভার্সন- ১. ০০)

প্রস্তুতকরণে -

ইনস্টিটিউট অফ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

## ১. ০ সূচনা

- পরীক্ষার দিন পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট আগেই পরিক্ষার্থীদের স্ব স্ব পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে। এর পর তাদের প্রবেশের অনুমতি থাকবে না।

## ২. ০ পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশনা

- পরীক্ষার্থীরা আসন গ্রহণ করার পর একজন কক্ষ পরিদর্শক পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশিকাটি পড়ে শোনাবেন। (নির্দেশনাসমূহ পরিশিষ্ট-১ এ দেয়া আছে।)

## ৩. ০ ওএমআরফরম বিতরণ ও পূরণ করা

- ওএমআর ফরমের একটি নমুনা পরিশিষ্ট-২ দেয়া আছে।
- পরীক্ষা শুরুর ১০ মিনিট আগে ওএমআর ফরম দেয়া হবে।
- ওএমআর ফরম বিতরণ শেষে একজন পরিদর্শক ওএমআর ফরম পূরণ করার বিভিন্ন বিষয় বুঝিয়ে দিবেন।
- ওএআর ফরম-এ যে তথ্যগুলো দিতে হবে, সেগুলো হল- (ক) রোল নম্বর, (খ) লিঙ্গ, (গ) সেট কোড, (ঘ) প্রার্থীর নাম, (ঙ) পিতার নাম, (চ) মাতার নাম, (ছ) জেলার নাম (নিজ জেলা) ও (জ) প্রার্থীর স্বাক্ষর।
- প্রশ্ন প্রাপ্তির পর প্রশ্নের সেট কোড অনুযায়ী ওএমআর ফরমে সেট কোডের বৃত্ত ভরাট করতে হবে।

## ৪. ০ পরীক্ষাথীর হাতের লেখা সংরক্ষণ

- ওএমআর ফরমের নির্দিষ্ট বক্সে বাংলায় ২(দুই)টি বাক্য ও ইংরেজিতে ২(দুই)টি বাক্য লিখতে হবে।

## ৫. ০ ওএমআরফরম ও হাজিরা শীটে বৃত্ত পূরণে সতর্কতা

- বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন বৃত্তের ভেতরের লেখাগুলো দেখা না যায়।
- বৃত্তাকার ঘরগুলি অবশ্যই কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
- উত্তরপত্রে কোন অবাঞ্চিত দাগ দেওয়া যাবে না।
- উত্তরপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।
- পরিস্কার পরিচ্ছন্ন ও ভাঁজবিহীন উত্তরপত্র মেশিনে মূল্যায়নের জন্য অপরিহার্য।

## ৬. ০ প্রশ্নপত্র বিতরণ

- পরীক্ষা শুরুর ঘন্টা পড়ার সাথে সাথে প্রশ্নপত্র বিতরণ শুরু করা হবে।

## ৭. ০ পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ

- কক্ষ পরিদর্শক পরীক্ষার্থীর প্রবেশপত্র অনুযায়ী ওএমআর ফরমের বিভিন্ন অংশ পূরণ করেছে কিনা তা পরীক্ষা করে দেখবেন।
- এর ভিতর গুরুত্বপূণ অংশগুলো হলো- (ক) রোল নম্বর, (খ) লিঙ্গ, (গ) সেট কোড (ঘ) জেলার নাম (নিজ জেলা) ও (ঙ) প্রার্থীর স্বাক্ষর।

- <u>রোল নম্বরের বৃত্তগুলো ও সেট কোডের বৃত্ত ভরাট করতে ভুল করলে কিংবা হাজিরা শীটে স্বাক্ষর ও উপস্থিতি বৃত্তটি ভরাট না করলে,</u> <u>প্রশ্নের সেট কোড এবং ওএমআর এর ক্রমিক নং না লিখলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে (ওএমআর ফরমের একটি নমুনা পরিশিষ্ট- ২ এ দেয়া আছে)</u>।
- এগুলো পূরণ করা আছে কিনা তা কক্ষ পরিদর্শক পরীক্ষা করবেন।
- বৃত্ত ভরাট করতে পরীক্ষার্থী ভুল করার কারনে নতুন ওএমআর ফরম দেয়া হবে না।
- কক্ষ পরিদর্শক হাজিরা সিটে (<u>একটি নমুনা পরিশিষ্ট- ৩ এ দেয়া আছে</u>) পরীক্ষার্থীর স্বাক্ষর, উপস্থিতি বৃত্ত ও প্রশ্নের সেট কোড, ওএমআর এর ক্রমিক নং পরীক্ষার্থী সঠিকভাবে লিখেছে/পূরণ করেছে কিনা তা দেখবেন।
- উপস্থিতি বৃত্তটি ভরাট করা খুবই জরুরি, কারন হাজিরা শীটটি মেশিনে পড়া হয় এবং এই বৃত্তটির মাধ্যমে নির্ধারিত হয় পরীক্ষার্থী উপস্থিত নাকি অনুপস্থিত।
- সবশেষে, কক্ষ পরিদর্শক ওএমআর ফরমে তার স্বাক্ষর দিবেন।

**৮. ০ পরীক্ষা থেকে বহিষ্কার**

- পরীক্ষা চলা কালীন সময়ে যদি কোন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করে, তাহলে তাকে নিয়ম অনুযায়ী বহিষ্কার করা হবে।

**৯. ০ ওএমআর ফরম সংগ্রহ**

- পরীক্ষার সময় শেষ হলে সকলকে লেখা বন্ধ করতে বলা হবে।
- ওএমআর ফরমগুলো ও প্রশ্নপত্র পরীক্ষার্থীদের কাছ থেকে তুলে নেয়া হবে।
- সে গুলো গণনা করে হাজিরা শীটে স্বাক্ষর করা পরীক্ষার্থীর সংখ্যার সাথে মিলিয়ে দেখা হবে।
- সবকিছু ঠিক থাকলে পরীক্ষার্থীদেরকে কক্ষ ত্যাগ করতে দেয়া হবে।

===============

পরিশিষ্ট- ১

## <u>পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী</u>

১. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র এবং জাতীয় পরিচয় পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

২. পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৩. পরীক্ষা শুরুর পর থেকে ওএমআর ফরম জমা না দেয়া পর্যন্ত কাউকে বাইরে যেতে দেয়া হবে না, তাই পরীক্ষা শুরু হওয়ার আগেই সকল প্রয়োজন মিটিয়ে আসতে হবে।

৪. প্রবেশপত্র (<u>একটি নমুনা পরিশিষ্ট- ৪ এ দেয়া আছে</u>) ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটিব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস, যোগাযোগ যন্ত্র বা এই জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবস্থানকালে অবশ্যই উভয় কান উন্মুক্ত রাখতে হবে।

৬. আবেদনপত্রে পরীক্ষার্থীর প্রদত্ত ছবি হাজিরা শীটে থাকবে এবং ইনভিজিলেটর এই ছবি দিয়ে পরীক্ষার্থীকে যাচাই করবেন । ভুয়া পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. আবেদনপত্রে প্রার্থীর দেয়া স্বাক্ষরের সাথে পরীক্ষার হাজিরা শীটে এবং ওএমআর শীটে প্রদত্ত স্বাক্ষরসহ সকল তথ্যে মিল থাকতে হবে।

৮. পরীক্ষার্থীকে উত্তরপত্রে অবশ্যই কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

৯. ওএমআর ফরম পাওয়ার পর ফরমের ডানদিকে নীচে লেখা নির্দেশাবলী খুব ভালোভাবে পড়ে নিতে হবে।

১০. প্রশ্নপত্রের সেট কোড ব্যতীত অন্য সেট কোডে পরীক্ষা দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১১. রোল বা সেট কোড এর বৃত্ত পূরণে কোনো ভুল হলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১২. হাজিরা শীটের সঠিক স্থানে পরীক্ষার্থীকে স্বাক্ষর করতে হবে, হাজিরা বৃত্তটি পূরণ করতে হবে, প্রশ্নের সেট কোড এবং ওএমআর এর ক্রমিক নং লিখতে হবে। তা না হলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

১৩. পরীক্ষা কেন্দ্রে আপনার আসন কোন রুমে তার তালিকা টানিয়ে দেয়া হবে। এক পরীক্ষার্থীর জায়গায় অন্য কোন পরীক্ষার্থী পরীক্ষা দিলে তার পরীক্ষা বাতিল হবে।

১৪. পরীক্ষা চলাকালীন সময়ে কারো সাথে যোগাযোগ করা যাবে না, কারো সাথে যোগাযোগের চেষ্টা করা হলে কিংবা কোন অসদুপায় অবলম্বন করা হলে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে।

১৫. পরীক্ষার আগে, চলাকালীন কিংবা পরে পরীক্ষার্থী কক্ষ পরিদর্শকের সঙ্গে দুর্ব্যবহার করলে বা কোন অন্যায় আচরণ করলে ও তা প্রমাণিত হলে তার পরীক্ষা বাতিল হবে।

১৬. পরীক্ষা হলে কক্ষ পরিদর্শকের নির্দেশ মেনে চলতে হবে।


১৭. পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শক লেখা বন্ধ করতে বলার সঙ্গে সঙ্গে লেখা বন্ধ করতে হবে।

১৮. কক্ষ পরিদর্শক কর্তৃক ওএমআর ফরম ও প্রশ্নপত্র জমা নেয়ার পর উনারা তা গণনা সব ঠিক পাওয়া পর্যন্ত পরীক্ষার্থীদের যার যার আসনে বসে থাকতে বলবেন। তারা যেতে না বলা পর্যন্ত কেউ কক্ষ ত্যাগ করবে না।

========

# পরিশিষ্ট- ২

## ওএমআর ফরমের নমুনা


সমাজসেবা অধিদপ্তর

3300000153

সমাজকর্মী (ইউনিয়ন) নিয়োগ পরীক্ষা- ২০

এই বক্স-এর মধ্যে কোনো দাগ দেওয়া নিষেধ

বাংলাদেশ সম্পর্কে বাংলায় ২টি ও ইংরেজিতে ২টি বাক্য লিখুন। বাংলাঃ

ইংরেজিঃ

রোল নম্বরঃ (বাংলায়)

প্রার্থীর নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

পিতার নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

মাতার নাম — বাংলায় ঃ / ইংরেজিতে ঃ

রোল নম্বর (বাংলায়)

লিঙ্গ: পুরুষ / মহিলা / অন্যান্য

জেলার নাম

প্রার্থীর স্বাক্ষর

কক্ষ পরিদর্শকের স্বাক্ষর

তারিখ

(বিঃ দ্রঃ যে কোন প্রকার সীলমোহর ব্যবহার নিষিদ্ধ)

অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা বৃত্ত ভরাট করিতে হইবে।

প্রশ্ন নং | উত্তর: ১–৭০, প্রতিটির জন্য ক খ গ ঘ

সেট কোড: পদ্মা / মেঘনা / যমুনা / সুরমা

নির্দেশনাবলী

১। বৃত্তাকার ঘরগুলি এমনভাবে ভরাট করিতে হইবে যাহাতে এগুলোর ভিতরের লেখাটি দেখা না যায়। বৃত্ত ভরাটের সঠিক পদ্ধতি ● বৃত্ত ভরাটের ভুল পদ্ধতি

২। বৃত্তাকার ঘরগুলি অবশ্যই কালো কালির বল-পয়েন্ট কলম দ্বারা ভরাট করিতে হইবে।

৩। উত্তরপত্রে কোন অবাঞ্ছিত দাগ দেওয়া যাইবে না।


৪। উত্তরপত্রটি কোন অবস্থাতেই ভাঁজ করা যাইবে না।

৫। পরিস্কার পরিচ্ছন্ন ও ভাঁজবিহীন উত্তরপত্র মেশিনে মূল্যায়নের জন্য অপরিহার্য।

পরিশিষ্ট- ৩

## হাজিরা শীটের নমুনা

**হাজিরা শিট: কক্ষ নং - 1 ( ভবন : Mir Shaokat Ali Badsha)**

| ক্রমিক নং | রোল নম্বর | ছবি | পরীক্ষার্থীর নাম | পরীক্ষার্থীর স্বাক্ষর | উপস্থিত থাকলে ভরাট করুন | সেট কোড / ওএমআর এর ক্রমিক নং |
|---|---|---|---|---|---|---|
| ১১ | 5810111 |  | NAZMA AKTAR AKHI | | ○ | |
| ১২ | 5810112 |  | MD AMINUL ISLAM | | ○ | |
| ১৩ | 5810113 |  | MD OMAR FARUK | | ○ | |
| ১৪ | 5810114 |  | MD. ARIFUL ISLAM | | ○ | |
| ১৫ | 5810115 |  | KAZI MIZANUR RAHAMAN | | ○ | |
| ১৬ | 5810116 |  | MD. TAZUL ISLAM | | ○ | |
| ১৭ | 5810117 |  | MD. OMAR FARUK | | ○ | |
| ১৮ | 5810118 |  | SK. ABDUL ALAM | | ○ | |
| ১৯ | 5810119 |  | MD. SUMAN MIR | | ○ | |
| ২০ | 5810120 |  | MST.TAHMINA AKTER | | ○ | |

কক্ষ পরিদর্শকদের স্বাক্ষর

এই শীট মেশিনে পড়া হয়, তাই ভাঁজ করা, পিন মারা কিংবা স্টাপল করা যাবে না

পাতা: ২ / ৪

তারিখ

## পরিশিষ্ট- ৪

## প্রবেশপত্রের নমুনা

| | | |
|---|---|---|
| সমাজসেবা অধিদফতর DEPARTMENT OF SOCIAL SERVICES | **সমাজসেবা অধিদফতর**<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৪১.০১.০০০০.০০৯.১১.০২২.১৭-৫৭৭<br>তারিখ: ০৯-০৭-২০১৮ |


প্রবেশপত্র - সমাজসেবা অধিদফতরের সমাজকর্মী (ইউনিয়ন) নিয়োগ পরীক্ষা, ২০২২

রোলনং- | ৬ | ৯ | ০ | ১ | ৫ | ৩ | ৬ |



| | |
|---|---|
| নাম ঃ | ISTIQUE BIN AHMED SAIBAL |
| পিতার নাম ঃ | MD. ABUL HOSSAIN |
| মাতার নাম ঃ | SALINA HOSSAIN |
| জেলা ঃ | Cumilla |
| পরীক্ষার তারিখ ও সময় ঃ | 21 October, 2022, 10:00 AM – 11:30 AM |
| পরীক্ষার কেন্দ্র ঃ | Cumilla Victoria Collegiate School<br>Ranir Digirpar,Cumilla. |

পরীক্ষার্থীর স্বাক্ষরঃ




### পরীক্ষার্থীর জন্য সাধারন নির্দেশাবলী

১। এমসিকিউ/ লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে। **মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র প্রদান করা হবে না।**

২। এমসিকিউ/ লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না। পরীক্ষা শুরুর ১৫ মিনিট অতিক্রান্ত হওয়ার পর কোন পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষার্থী অবশ্যই তার নির্ধারিত আসনে বসবেন।

৩। প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটিব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়ি জাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাত ঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল ডিভাইস বা এ জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। প্রবেশপত্রে প্রদর্শিত আবেদনকারীর স্বাক্ষরের সাথে পরীক্ষার হাজিরা সীটে প্রদত্ত স্বাক্ষরের মিল থাকতে হবে।

৫। পরীক্ষার্থীকে উত্তরপত্রে অবশ্যই কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

৬। পরীক্ষা কেন্দ্রের ভিতরে পরীক্ষার্থীর আসন কোন ভবনের কোন রুমে তার তালিকা টাঙ্গিয়ে দেওয়া হবে ।

৭। পরীক্ষার হলে যে ওএমআর ফরমটি দেওয়া হবে, সেখানে সেট কোডের ঘরে প্রশ্নে উল্লিখিত কোডটির বিপরীতে বৃত্ত ভরাট করতে হবে।

৮। পরীক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা ওয়েবলিংক http://admit.dss.gov.bd এ এবং পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dss.gov.bd) পাওয়া যাবে।

(সৈয়দ মোঃ নুরুল বাসির)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
সমাজসেবা অধিদপ্তর,
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।